Cosmo School

**নবম ও দশম শ্রেণি**

**বাংলা ১ম পত্র**

আম আঁটির ভেঁপু

**জ্ঞানমূলক প্রশ্ন:**

১.বিভূতিভূষণ কোন উপন্যাসের জন্য রবীন্দ্র পুরস্কার লাভ করেন?
২.'দৃষ্টিপ্রদীপ' উপন্যাসের লেখক কে?
৩.দুর্গার বয়স কত?
৪.'আম আঁটির ভেঁপু' শীর্ষক গল্পের লেখক কে?
৫.অপুর দিদির নাম কী?
৬.দুর্গাদের বাড়ি হতে ভুবন মুখুয্যের বাড়ি কতদূর?
৭.আজকার লক্ষ্মী কোথায় বাঁধা পড়েছে ?
৮.হরিহর কাজ সেরে কখন বাড়িতে ফিরল?
৯.'আম আঁটির ভেঁপু' গল্পে হরিহর তাগাদার জন্য কোথায় গিয়েছিল?
১০. 'আম আঁটির ভেঁপু' গল্পটি কোন উপন্যাস থেকে সংগ্রহ করা হয়েছে?
১১.নাটাফল কী?
১২. দুর্গার হাতের নারিকেল মালায় কী ছিল?
১৩.' জারান' শবোদর অর্থ কী?
১৩. খাপরা দিয়ে কী খেলা হয়?
১৪. হরিহর কত মাস অন্তর বেতন পায়?
১৫. 'ইছামতি' কোন ধরনের রচনা?
১৬. টোল খাওয়া ভেঁপু বাঁশিটার দাম কত ছিল?
১৭. অপুর বাক্সটি কিসের তৈরি?'পথের পাঁচালী' কী ধরনের রচনা?
১৮. অপু তাড়াতাড়ি কী লুকিয়ে ফেলল?
১৯. মানুষের গলার আওয়াজ পেয়ে অপু কী করল?
২০. হরিহরের পুত্রের নাম কী?
২১. হরিহরের স্ত্রীর নাম কী?
২২. হরিহরের জ্ঞাতি ভ্রাতার নাম কী?
২৩. রৌদ্রের তাপে কী পুড়ে যায়?
২৪. রায়বাড়ি থেকে হরিহর কত টাকা বেতন পেত?
২৫. দুর্গা আঁচলের খুঁট খুলে কী বের করল?
২৬. বিভূতিভূষণ কত সালে জন্মগ্রহণ করেন?
২৭. কে বললেন, 'বন্ধক ছাড়া টাকা ধার দেই না?'
২৮. কালমেঘ কী?
২৯. 'রোয়াক' অর্থ কী?
৩০. কাকুড়তলির আম গাছটি কাদের?

**অনুধাবনমূলক প্রশ্ন:**

১'আমার কাপড় যে বাসি'— অপু একথা কেন বলেছিল?

২.সর্বজয়া কেন হরিহরের সংসার ছেড়ে চলে যেতে চায়?

৩.লক্ষ্মীপূজার কড়িগুলে বাক্সে লুকিয়ে রাখার কারণ কী?

৪.'হাবা একটা কোথাকার,যদি এতটুকু বুদ্ধি থাকে।'— দুর্গা একথা বলেছিল কেন?

৫.'নীলমনি রায়ের ভিটা জঙ্গলাবৃত হইয়া পড়িয়া আছে।'— কেন?

<u>সৃজনপ্রশ্ন</u>

১। মিথি ও জুঁই দুই বোন। ভোরবেলা গামছা নিয়ে ডোবা-পুকুর থেকে শাপলা তুলে আনে। মা সেই শাকপাতা, শাপলা রাঁধে। মিথি ও জুঁই রান্নার সময় মায়ের পাশে বসে থেকে দেখে। মাঝে মাঝে তারা প্রতিবাদ জানিয়ে বলে, মা আর কতদিন এক জিনিস খাব, এক জিনিস পড়ব। দুই জনের বয়স ছয়-সাতের কাছাকাছি। তাই অনেক কিছুই তারা বোঝে না। এভাবেই নানা স্মৃতি পাড় করে তারা আঠারো বছরে পা দেয়। এখন ঈদে মা তাদের কাপড় কিনে দিতে না পারলেও তারা মন খারাপ করে না। কারণ তারা তাদের আর্থিক অবস্থার কথা বোঝে।

ক) 'আম আঁটির ভেঁপু' কোন উপন্যাস থেকে গৃহীত?

খ) 'সাবধানে নিবি নইলে মা টের পাবে।' উক্তিটি ব্যাখ্যা কর।

গ) 'উদ্দীপকের সঙ্গে "আম আঁটির ভেঁপু" গল্পের প্রেক্ষাপটগত বৈসাদৃশ্য রয়েছে।' ব্যাখ্যা কর।

ঘ) 'মানুষের চিরায়ত শৈশব বার বার ফিরে আসে না।' সংশ্লিষ্ট উদ্দীপক ও গদ্যের আলোকে বিশ্লেষণ কর।

২। তিথি ও তন্বী দুই বোন। গুলশানে নিজেদের বিশাল বাড়িতে বাবা মার সঙ্গে থাকে দুই কিশোরী। দু'বোনের পৃথক শোবার ও পড়ার ঘরে তারা বেশিরভাগ সময় অতিবাহিত করে। অবসরে টিভি দেখে, ভিডিও গেম খেলে কিংবা অবস্থান করে ভার্চুয়াল জগতে। বাবা-মা ও দু'বোনের পারস্পরিক সম্পর্কের ক্ষেত্রে অনেক দূরত্ব তাদের। আজন্ম শহরে থাকায় গ্রাম-বাংলার সাথে দু'বোনের পরিচয় ছবি দেখে অথবা টিভি দেখে।

ক) উঠানোর কোন জায়গা হতে দুর্গা অপুকে ডেকেছিল? ১

খ) অপুর বাবা কেন সহজে গ্রাম ছেড়ে যেতে চাইল না? ২

গ) 'উদ্দীপকের তিথি-তন্বীর ঠিক যেন বিপরীত মেরুতে অপু-দুর্গার অবস্থান- ব্যাখ্যা কর। ৩

ঘ) 'অপু-দুর্গা যে প্রকৃতির সন্তান- সেই প্রকৃতির সঙ্গে তিথি-তন্বীর পরিচয় পরোক্ষ' -বিশ্লেষণ কর। ৪

৩। আখতার মিয়ার কষ্টের সংসার। পরের বাড়ি কাজ করে যা পায়, তা দিয়ে সংসার চলে না। দুবেলা পেট ভরে খেতে পায় না। স্ত্রী-ছেলেমেয়ের কাপড়-চোপড়ের দিকে তাকালে মাথা নিচু হয়ে আসে। ঘরের অবস্থা আরো করুণ। তাই একদিন স্ত্রী রুবিনাকে ডেকে সব কিছু ফেলে শহরে যাওয়ার প্রস্তাব করে। কিন্তু রুবিনা ভিটেমাটি ছেড়ে কিছুতেই শহরে যেতে রাজি হয় না।

ক) রায় বাড়ি থেকে হরিহর কত টাকা বেতন পায়?

খ) 'আজকাল চাষাদের ঘরে লক্ষ্মী বাঁধা'- বলতে কী বোঝানো হয়েছে?

গ) উদ্দীপকে 'আম-আঁটির ভেঁপু' গল্পের কোন দিকটি প্রকাশ পেয়েছে? ব্যাখ্যা করো।

ঘ) উদ্দীপকটি 'আম-আঁটির ভেঁপু' গল্পের আংশিক ভাব ধারণ করেছে মাত্র। মন্তব্যটির যথার্থতা যাচাই করো।

Cosmo School

**নবম ও দশম শ্রেণি**

**বাংলা ১ম পত্র**

**বঙ্গবাণী**

**জ্ঞানমূলকঃ**

১. বঙ্গবাণী কবিতাটি কোন শতকে রচিত?
২. বঙ্গবাণী কবিতাটির উৎস কী?
৩. প্রত্যেক মানুষই কোন ভাষায় স্রষ্টাকে ডাকে?
৪. 'ভাগ' শব্দের অর্থ কী?
৫. আব্দুল হাকিম কোন যুগের কবি?
৬. হিন্দুর অক্ষর হিংসা করে কারা?
৭. কবি আব্দুল হাকিমের গ্রামের নাম কী?
৮. দেশী ভাষায় কাব্য রচনা করার পেছনে যুক্তি কী?
৯. বঙ্গবাণী কবিতার মূল কথা কী?
১০. 'যেই দেশে সেই বাক্য' বলতে কী বোঝানো হয়েছে?
১১. 'সংস্কৃত ভাষা' নিয়ে হিংসা করে কারা?
১২. 'বঙ্গবাণী' বলতে কী বোঝানো হয়েছে?
১৩. 'বঙ্গবাণী কবিতায় নিরঞ্জন বলতে কবি কী বুঝিয়েছেন?
১৪. কোন ভাষার উপদেশ হিতকর?
১৫. কবি আবদুল হাকিমকে কারা বাংলা ভাষায় বাক্য রচনার জন্য অনুরোধ করেন?
১৬. 'বঙ্গবাণী' কবিতাটি কোন গ্রন্থ থেকে সংকলিত?
১৭.

**অনুধাবনমূলকঃ**

১. 'যেই দেশে সেই বাক্য কহে নরগণ
সেই বাক্য বোঝে প্রভূ আপে নিরঞ্জন'- চরণদ্বয়ে কী বোঝানো হয়েছে?
২. 'সেসব কাহার জন্ম নির্ণয় ন জানি'- চরণটি ব্যাখ্যা কর।
৩. বাংলা ভাষার অবজ্ঞাকারীদের প্রতি কবির মনোভাব ব্যাখ্যা কর।
৪. কবি কাদের ও কেন দেশ ত্যাগ করতে বলেছেন?
৫. কবি মাতৃভাষায় কাব্য রচনা করতে বলেছেন কেন?
৬. হিন্দুর অক্ষর বলতে কবি 'বঙ্গবাণী' কবিতায় কী বুঝিয়েছেন?
৭. আরবি, ফারসি ভাষা প্রসঙ্গে কবির অভিমত কী?

**সৃজনশীলঃ**

১. মাইকেল মধুসূদন দত্ত ছিলেন বহুভাষাবিদ বাঙালি। পৃথিবীর বিভিন্ন ভাষার সাহিত্যকর্মের সাথে তাঁর ঘনিষ্ঠ পরিচয় ছিল। কিন্তু মাতৃভাষার চেয়ে বড় কিছু নাই - এ বোধই কবিকে তাঁর নিজের ভাষা-সাহিত্যের কাছে ফিরিয়ে এনেছিল। মাতৃভাষাকে উপেক্ষা করে ইংরেজি ভাষায় কাব্য রচনা করার জন্য যে প্রয়াস সে সময়ে তিনি চালিয়েছিলেন, তা যে ব্যর্থ প্রয়াস ছিল, তা তিনি শেষ পর্যন্ত বুঝতে পারেন।

ক) 'বঙ্গবাণী' কবিতাটি কোন গ্রন্থ থেকে সংকলিত? ১

খ) 'যদি বা লিখয়ে আল্লাহ নবীর ছিঁফত'- উক্তিটি ব্যাখ্যা কর। ২

গ) বাংলা ভাষার প্রতি যাদের অশ্রদ্ধা, তাদের প্রতি কবি কী উপদেশ দিয়েছেন- 'বঙ্গবাণী' কবিতার আলোকে ব্যাখ্যা কর। ৩

ঘ) উদ্দীপক ও 'বঙ্গবাণী' কবিতায় মাতৃভূমি ও মাতৃভাষার প্রতি যে প্রগাঢ় মমত্ব প্রকাশ পেয়েছে তা বিশ্লেষণ কর।৪

২. রাসেল ও সোহেল দুই বন্ধু বিশ্ববিদ্যালয়ে পড়ে। রাসেল বাংলাকে খুব ভালোবাসে এবং বাঙালির ঐতিহ্যকে ধরে রাখার চেষ্টা করে। অন্যদিকে সোহেলের বাংলা ভাষা ও বাঙালি সংস্কৃতি তেমন পছন্দ নয়। উপরন্তু ইংরেজী জানা নিয়ে সে গর্ব করে। এতে রাসেল ক্ষুব্ধ হয়ে বলে, আমরা বাঙালি, বাংলা ভাষা আমাদের অহংকার।

ক) আব্দুল হাকিম কোন যুগের অন্যতম প্রধান কবি ? ১

খ) মারফত জ্ঞানহীনরা হিন্দুর অক্ষর হিংসা করে কেন? ২

গ) উদ্দীপকের সঙ্গে 'বঙ্গবাণী' কবিতার প্রেক্ষাপটগত সাদৃশ্য নিরূপণ কর। ৩

ঘ) 'রাসেলের উক্তিটি 'বঙ্গবাণী' কবিতার কবির মনোভাবের ধারক"- মন্তব্যটির যথার্থতা বিচার কর। ৪

৩. "পরের মুখে শেখা বুলি পাখির মতো কেন বলিস?
পরের ভঙ্গি নকল করে নটের মতো কেন চলিস?
তোর নিজস্ব সর্বাঙ্গে তোর দিলেন ধাতা আপন হাতে
মুছে সেটুকু বাজে হলি, গৌরব কি বাড়ল তাতে?
আপনারে যে ভেঙে চুড়ে গড়তে চায় পরের ছাঁচে
অলীক, ফাঁকি, মেকি সেজন, নামটা তার কদিন বাঁচে?"

ক) মধ্যযুগের অন্যতম প্রধান কবি কে ছিলেন? ১

খ) 'যদি বা লিখয়ে আল্লাহ নবীর ছিঁফত'- উক্তিটি ব্যাখ্যা কর। ২

গ) উদ্দীপকে যে ব্যক্তিসত্ত্বার পরিচয় পাওয়া যায়, সে সম্পর্কে 'বঙ্গবাণী' কবিতার কবি কী মনোভাব পোষণ করেছেন? তোমার অভিমত দাও। ৩

ঘ) "উদ্দীপকটি 'বঙ্গবাণী' কবিতার মর্মবাণীকেই যেন ধারণ করে আছে"- তোমার উত্তরের পক্ষে যুক্তি উপস্থাপন কর। ৪

Cosmo School

# নবম শ্রেণি

## বাংলা ১ম পত্র

## জীবন সঙ্গীত

জ্ঞানমূলকঃ

১. ‘আশ’ শব্দের অর্থ কী?
২. কবি কোথায় যুদ্ধ করতে বলেছেন?
৩. এ জগতে কী দূর্লভ?
৪. হেমচন্দ্র বন্দ্যোপাধ্যায় কোথায় জন্মগ্রহন করেন?
৫. জীবনকে কীসের স্বপ্ন বলা হয়েছে?
৬. আমাদের জীবন কীসের মত ক্ষণস্থায়ী?
৭. কী অনিত্য নয়?
৮. জীবাত্মা কী?
৯. কীসে কোন মুক্তি নেই?
১০. ‘জীবন-সঙ্গীত’ কবিতাটি কোন কবিতার ভাবানুবাদ?
১১. জীবনের উদ্দেশ্য কী নয়?
১২. ‘ধ্বজা’ শব্দের অর্থ কী?
১৩. হেমচন্দ্র বন্দ্যোপাধ্যায় স্বদেশপ্রেমের অনুপ্রেরণায় কোন মহাকাব্য রচনা করেন?
১৪. কবি কী দেখে ভুলতে নিষেধ করেছেন?
১৫. ‘প্রাতঃস্মরণীয়’ অর্থ কী?
১৬. কোথায় পদাঙ্ক অঙ্কন করে আমরা অমর হব?
১৭. ‘দারা’ শব্দের অর্থ কী?
১৮. ‘বৃত্রসংহার’কোন ধরনের রচনা?
১৯. আয়ু কিসের নীর?
২০. সংসারে কী সাজতে হবে?
২১. কবি কোন দিনকে ডাকতে মানা করেছেন?
২২. ‘বীরবাহু’ কী ধরনের রচনা?
২৩. ‘আকিঞ্চন’ শব্দের অর্থ কী?
২৪. কবি আয়ুকে কিসের সাথে তুলনা করেছেন?
২৫. হেমচন্দ্র বন্দ্যোপাধ্যায় কোন গ্রামে জন্মগ্রহন করেন?

অনুধাবনমূলক:

১. কবি সুখের আশা করতে নিষেধ করেছেন কেন?
২. ‘আয়ু যেন শৈবালের নীড়’ বলতে কী বোঝানো হয়েছে?
৩. কবি মহাজ্ঞানী মহাজনদের পথ অনুসরণের কথা বলেছেন কেন?
৪. কবি মানবকে ভয়ে ভীত না হবার কথা বলেছেন কেন?
৫. কীভাবে ভবের উন্নতি করা যায়?
৬. কবি বাহ্যদৃশ্যে ভুলতে নিষেধ করেছেন কেন?

সৃজনশীল প্রশ্ন:

১. সময় গেলে সাধন হবে না
দিন থাকতে দিনের সাধন কেন করলে না।
জান না মন খালে বিলে
বীর থাকে না জল শুকালে
কী হয় তার বাঁধন দিলে
শুকনা মোহনা।
ক)আয়ু কীসের নীর? ১
খ)কবি মানবকে ভয়ে ভীত না হওয়ার কথা বলেছেন কেন? ২
গ)উদ্দীপকটিতে 'জীবন সঙ্গীত' কবিতার কোন বিষয়টি প্রতিফলিত হয়েছে?
৩
ঘ)উদ্দীপকে উল্লিখিত বিষয়টি ছাড়াও 'জীবন সঙ্গীত' কবিতায় উঠে এসেছে জীবন সমৃদ্ধ করার একাধিক পরামর্শ। মন্তব্যটির প্রাসঙ্গিকতা মূল্যায়ন কর। ৪

২. সঙ্কোচের বিহ্বলতা নিজেরে অপমান,
সঙ্কটের কল্পনাতে হোয়ো না ম্রিয়মাণ।
মুক্ত করো ভয়, আপন মাঝে শক্তি ধরো
নিজেরে করো জয়।
দুর্বলেরে রক্ষা করো,
দুর্জনেরে হানো নিজেরে দীন
নিঃসহায় যেন কভু না জানো...
মুক্ত করো ভয়, দুরূহ কাজে নিজেরই
দিয়ো কঠিন পরিচয়
ক) স্বদেশপ্রেমের অনুপ্রেরণায় হেমচন্দ্র বন্দ্যোপাধ্যায় কোন মহাকাব্য রচনা করেন?
খ) 'ওহে জীব, কর আকিঞ্চন' ড় কেন এ কথা বলা হয়েছে?
গ) উদ্দীপকটির অনুভব 'জীবন-সঙ্গীত' কবিতার কোন দিকটির সঙ্গে সম্পর্কিত? ব্যাখ্যা করো।
ঘ) 'মুক্ত করো ভয়, দুরূহ কাজে নিজেরই দিয়ো কঠিন পরিচয়'ড়উদ্দীপক ও 'জীবন-সঙ্গীত' কবিতা অবলম্বনে উক্তিটি ব্যাখ্যা করো।

৩. যাতনা যাতনা কিসেরি যাতনা
বিষাদ এত কিসেরি তরে?
যদি বা থাকে যখন তখন
কী কাজ জানায়ে জগৎ ভরে?
ক) 'জীবন সঙ্গীত' কবিতাটির ইংরেজি কোন কবিতার ভাবানুবাদ?
খ) 'জীবাত্মা অনিত্য নয়'ড়কথাটির অর্থ কী?
গ) উদ্দীপকটি 'জীবন সঙ্গীত' কবিতার কোন দিককে নির্দেশ করে? ব্যাখ্যা করো।
ঘ) 'হতাশা নয়, বরং সহিষ্ণুতা ও ধৈর্যই মানুষের জীবনে চরম সাফল্য বয়ে আনে।' উদ্দীপক ও 'জীবন সঙ্গীত' কবিতা অবলম্বনে উক্তিটি বিশ্লেষণ করো।

Cosmo School

# নবম ও দশম শ্রেণি

# বাংলা ১ম পত্র

# কপোতাক্ষ নদ

জ্ঞানমূলক

১. চতুর্দশপদী কবিতার অষ্টকে মূলত কী থাকে?
২. 'কপোতাক্ষ নদ' কবিতাটি কোন কাব্যগ্রন্থ হতে গৃহীত?
৩. 'কপোতাক্ষ নদ' রচনাকালে কবি কোথায় অবস্থান করছিলেন?
৪. মাইকেল মধুসূদন দত্তের অমর কীর্তি কোনটি?
৫. কবি বঙ্গের সংগীতে কার নাম নিয়েছেন?
৬. 'কপোতাক্ষ নদ' কোন ধরনের কবিতা?
৭. সাগরদাঁড়ি গ্রামটি বাংলাদেশের কোন জেলায় অবস্থিত?
৮. মাইকেল মধুসূদন দত্ত খৃস্টধর্মে দীক্ষিত হন কত সালে?
৯. বাংলা সাহিত্যে সনেটের প্রবর্তন করেন কে?
১০. কবি 'কপোতাক্ষ নদ' কবিতায় কী লিখেছেন?
১১. 'পদ্মাবতী' মাইকেল মধুসূদন দত্তের কোন ধরনের রচনা?
১২. 'একেই কী বলে সভ্যতা' ও 'বুড়ো শালিকের ঘাড়ে রো' মাইকেল মধুসূদন দত্তের কোন ধরনের রচনা?
১৩. মাইকেল মধুসূদন দত্ত কত খ্রিষ্টাব্দে জন্মগ্রহণ করেন?
১৪. মাইকেল মধুসূদন দত্তের 'পদ্মাবতী' কোন ধরনের রচনা?
১৫. মাইকেল মধুসূদন দত্তের অমর কীর্তি কোনটি?
১৬. সব সময় কবির কার কথা মনে পড়ে?
১৭. 'কপোতাক্ষ নদ' কবিতার অন্ত্যমিল বিন্যাস লিখ।
১৮. 'দুগ্ধ স্রোতরূপী' কাকে বলা হয়েছে?
১৯. 'বিরলে' শব্দের অর্থ কী?
২০. বাংলা সাহিত্যের প্রথম ও সার্থক মহাকাব্য কোনটি?
২১.  সনেটের বৈশিষ্ট্য কী?
২২. কবি 'বঙ্গজ জন' বলতে কাকে বুঝিয়েছেন?
২৩. 'বুড়ো শালিকের ঘাড়ে রোঁ কোন ধরনের রচনা?
২৪. মাইকেল মধুসূদন দত্ত রচিত পত্রকাব্যের নাম কী?
২৫. সনেটের বাংলা প্রতিশব্দ কী?

অনুধাবনমূলক

১. "দুগ্ধ স্রোতরূপী তুমি জন্মভূমি স্তনে" - ব্যাখ্যা কর।
২. "আর কী হে হবে দেখা?" - কবির মনে এ দ্বিধাদ্বন্দ্ব কেন?
৩. 'বঙ্গের সঙ্গীতে' বলতে কবি কী বুঝিয়েছেন?
৪. 'ভ্রান্তির ছলনে' বলতে কবি কী বুঝিয়েছেন?
৫. চতুর্দশপদী কবিতা বলতে কী বোঝ?
৬. কপোতাক্ষ নদকে কবি ভুলতে পারছেন না কেন?

১. যৌবনের উদ্দামতায়  আত্মপ্রতিষ্ঠার মোহে রবি ইতালিতে পাড়ি জমায়। অনেক বছর দেশে যাওয়া হয় না। নগর-প্রান্তে নদীর ধারে নিজ গৃহে বসে আবসর মুহূর্তে তাঁর ঝাঁপসা দৃষ্টির সামনে ভেসে ওঠে  স্বদেশের ছবি। বিশেষ করে নিজ গ্রামের বাড়ি-ঘেঁষা ছোট্ট নদীটির কথা প্রতি মুহূর্তে মনে পড়ে তাঁর। কখনো কখনো ছুটে যেতে ইচ্ছে করে শৈশব ও কৈশোরের নদী তীরে কিন্তু ইচ্ছে করলেও তিনি যেতে পারেন না।

ক) ‘কপোতাক্ষ নদ’ কবিতাটি কে রচনা করেছেন? ১

খ) কবির স্নেহের তৃষ্ণা মেটে না কেন? ২

গ) কবিতায় কবির এবং উদ্দীপকের রবির মধ্যে মানসিক অনুভূতিরতুলনা কর।৩

ঘ) ‘যারা স্বদেশকে চিনে তারা বিশ্বকেও চিনতে পারে।’ উদ্দীপক ও কবিতার আলোকে বিশ্লেষণ কর। ৪

১. বহুদিন পর কুশিয়ারা নদীর তীরে গ্রামের বাড়ি বেড়াতে যান চৌধুরী সাহেব। অনেক উন্নতি হয়েছে এলাকার। কিন্তু মনটা কেন যেন অতৃপ্তিতে ভরে যায়। যেখানে খেয়া নৌকায় বা 'জড়িন্দা নাও'য়ে নদী পারাপার করতে হতো, সেখানে আজ বিশাল ব্রিজ। নদীর পানিও যেন আর তেমন স্বচ্ছ টলটলে সুপেয় নেই। চৌধুরী সাহেবের কেবলই মনে হতে থাকে, শৈশবে এই নদী থেকে যে সঞ্জীবনী সুধা তিনি লাভ করেছিলেন, এলাকার এ প্রজন্মের ছেলেমেয়েরা তা লাভ করবে কি?

ক. বাংলা সাহিত্যে অমিত্রাক্ষর ছন্দের প্রবর্তক কে?

খ. কবি ভ্রান্তির ছলনায় কেন নিজের কানকে পরিতৃপ্ত করেন?

গ. উদ্দীপকের সঙ্গে 'কপোতাক্ষ নদ' কবিতার কোনো ভাবগত সাদৃশ্য রয়েছে কি?

ঘ. উদ্দীপকে 'কপোতাক্ষ নদ' কবিতার মতো শুধু আবেগের কথা নেই, জীবনের বাস্তবতার কথাও আছে- বর্ণনা করো।

২. (র) দিনগুলি মোর সোনার খাঁচায় রইলো না, রইলো না
সেই যে আমার নানা রঙের দিনগুলি।
(রর) মুছে যাওয়া দিনগুলি আমায় যে পিছু ডাকে,
স্মৃতি যেন আমার এ হৃদয়ে বেদনার রঙে রঙে ছবি আঁকে।

(ক) সনেটের বাংলা প্রতিশব্দ কী?

(খ) ‘স্নেহের তৃষ্ণা’ বলতে কী বোঝানো হয়েছে?

(গ) উদ্দীপক (র) ও (রর) ‘কপোতাক্ষ নদ’ কবিতার সঙ্গে কিভাবে সাদৃশ্যপূর্ণ, তা ব্যাখ্যা করো।

(ঘ) উদ্দীপক ‘কপোতাক্ষ নদ’ কবিতার সম্পূর্ণ ভাব ধারণ করে কি?ড়মতের পক্ষে যুক্তি উপস্থাপন করো।

৩. এইচএসসি পাসের পর পড়াশোনার জন্য আমেরিকায় পাড়ি জমায় রাশেদ। কিন্তু তার মন সারাক্ষণ আচ্ছন্ন করে রাখে স্বদেশে রেখে যাওয়া ছোট গ্রাম, সেখানকার আম্রকানন, বিস্তৃত ধানক্ষেত। তার ভাষায়, স্বর্গের চেয়েও শ্রেষ্ঠ তার প্রিয় স্বদেশ।

ক) ‘কপোতাক্ষ নদ’ কবিতার অষ্টকের মিলবিন্যাস কী?

খ) ‘স্নেহের তৃষ্ণা’ বলতে কী বোঝানো হয়েছে?

গ) উদ্দীপকের রাশেদের অনুভূতি ‘কপোতাক্ষ নদ’ কবিতার সঙ্গে কতটা সাদৃশ্যপূর্ণ তা ব্যাখ্যা করো।

ঘ) ‘উদ্দীপকে প্রতিফলিত অনুভূতির অন্তরালে যে ভাবটি প্রকাশ পেয়েছে, তা-ই ‘কপোতাক্ষ নদ’ কবিতার মূল ভাব’- কথাটির সত্যতা বিচার করো।

Cosmo School

# নবম ও দশম শ্রেণি

# বাংলা ১ম পত্র

# অভাগীর স্বর্গ

**জ্ঞানমূলক**

১. শরৎচন্দ্র চট্টোপাধ্যায় কত সালে ঢাকা বিশ্ববিদ্যায় থেকে ডি.লিট উপাধি লাভ করেন?
২. কাঙালীর পিতার নাম কী?
৩. কোন রোগে আক্রান্ত হয়ে অভাগী মারা যায়?
৪. কোন নদীর তীরে শ্মশান ঘাট অবস্থিত?
৫. 'অভাগীর স্বর্গ' গল্পে কে নাড়ি দেখতে জানত?
৬. 'প্রণামী' কী?
৭. গ্রামবাংলার টোটকা চিকিৎসাকে কী বলে?
৮. কীসের অভাবে কাঙালীর মায়ের অন্ত্যেষ্টিক্রিয়া সম্পন্ন হলো না?
৯. কীসের ভয়ে দারোয়ান কাঙালীকে মারল না?
১০. 'অভাগীর স্বর্গ' গল্পে চিতার ধোঁয়ার রং কী ছিল?

**অনুধাবনমূলকঃ**

১. 'তোর হাতের আগুন যদি পাই, আমিও সগ্যে যাব' - উক্তিটি ব্যাখ্যা কর।
২. কাঙালীর মা ঠকুরদাস মুখোপাধ্যায়ের স্ত্রীর শব কাছ থেকে দেখার সাহস পেল না কেন?
৩. মৃত্যুকালে অভাগী কেন কাঙালীকে দিয়ে স্বামীকে ডেকে পাঠিয়েছিল?
৪. অভাগী সন্তানের হাতে মুখাগ্নি চান কেন?
৫. কাঙালীর মাকে দুলে পাড়ার সকলে সতীলক্ষ্মী বলে কেন?
৬. 'এ সৌভাগ্যের সে যেন আর ইয়ত্তা করতে পারল না'। কে, কেন?
৭. রসিক দুলে তার পায়ের ধুলো দিতে গিয়ে কেঁদে ফেলল কেন?
৮. 'সে যেন একটা উৎসব বাধিয়া গেল' - কী সম্পর্কে, কেন একথা বলা হয়েছে?
৯. বহুদিন কাঙালীর মা কীভাবে কাঙালীকে ফাঁকি দিয়েছে?
১০. "সব ব্যাটারাই এমন বামুন-কায়েত হতে চায়"- উক্তিটি দ্বারা কী প্রকাশ পায়?
১১.

১. হরিদাসী দরিদ্র নম:শূদ্র ঘরের বিধবা বধু। একমাত্র পুত্র রমেশ তার বেঁচে থাকার অবলম্বন। রমেশ লেখাপড়া শিখে একদিন অনেক বড় হবে এমন স্বপ্ন দেখে হরিদাসী। কিন্তু নম:শূদ্রের পুত্র বলে ব্রাহ্মণ জমিদারের অঞ্চল ব্রাহ্মণপুত্রদের সাথে একই পাঠশালায় পড়ার সুযোগ সে পায় না। কারণ শাস্ত্রমতে শূদ্রের ছেলে ব্রাহ্মণের ধারে কাছে ঘেঁষতে পারবে না।

ক) স্বামীর নিকট অভাগীর শেষ চাওয়া কী ছিলো? ১
খ) কাঙালী কেন শত চেষ্টা করেও মায়ের শবদাহের কাঠ যোগার করতে পারেনি? ২
গ) উদ্দীপকে 'অভাগীর স্বর্গ' গল্পের কোন দিকটি ফুটে উঠেছে আলোচনা কর। ৩
ঘ) প্রেক্ষাপট ভিন্ন হলেও উদ্দীপকের বক্তব্য 'অভাগীর স্বর্গ' গল্পেও খুঁজে পাই কী? এ ব্যাপারে তোমার মতামত দাও। ৪

২. ওকে চণ্ডাল? চমকাও কেন ? নহে ও ঘৃণ্য জীব। ওই হতে পারে হরিশচন্দ্র ওই শ্মশানের শিব। আজ চণ্ডাল কাল হতে পারে মহাযোগী সম্রাট। তুমি কাল তারে অর্ঘ্য দানিবে করিবে নান্দিপাঠ।

ক. 'অভাগীর স্বর্গ' গল্পে জমিদারের গোমস্তার নাম কী? ১
খ. রসিক হতবুদ্ধির মত দাঁড়াইয়া রহিল কেন? ২

গ. "উদ্দীপকের চণ্ডাল 'অভাগীর স্বর্গ' গল্পের কাঙালীর প্রতিনিধি"- ব্যাখ্যা কর। ৩

ঘ. "উদ্দীপকে ফুটে ওঠা মনোভাবই 'অভাগীর স্বর্গ' গল্পে লেখকের প্রত্যাশা।" – মূল্যায়ণ কর। ৪

৩. দশ বছরের মা মরা মেয়ে সুফিয়া গৃহকর্মীর কাজ করে নিজের ও অসুস্থ বাবার অন্ন সংস্থান করে। চিকিৎসার অভাবে সুফিয়ার বাবা ইহধাম ত্যাগ করেন। দাফন-কাফনের খরচ এবং কবরের জায়গা না থাকায় রাবেয়া গাঁয়ের মোড়লের সহযোগিতা চেয়ে খালি হাতে ফিরে আসে। অনন্যোপায় হয়ে বাবার মৃতদেহের পাশে বসে কাঁদতে থাকে। প্রতিবেশি মনসুর এ খবর পেয়ে রাবেয়ার পাশে এসে দাঁড়ায় এবং যাবতীয় ব্যবস্থা করে।

ক. গ্রামের শ্মশানটি কোন নদীর তীরে অবস্থিত? ১

খ. "তোর হাতের আগুন যদি পাই বাবা, বামুন মার মত আমিও সগ্যে যেতে পাব।"– উক্তিটি বুঝিয়ে লিখ। ২

গ. উদ্দীপকের মনসুর এবং 'অভাগীর স্বর্গ' গল্পের গোমস্তা অধর রায় একে অন্যের বিপরীত। ব্যাখ্যা কর। ৩

ঘ. উদ্দীপকে ফুটে ওঠা বিষয়টি ছাড়াও 'অভাগীর স্বর্গ' গল্পে অন্যান্য বিষয়ের আলোচনা রয়েছে।- মন্তব্যটি বিশ্লেষণ কর। ৪

Cosmo School

# নবম ও দশম শ্রেণি

## বাংলা ১ম পত্র

## পল্লিসাহিত্য

---

**জ্ঞানমূলকঃ**

১. পল্লি গ্রামের কোন বিষয়গুলো শহরের অভাব পূর্ণ করে?
২. পল্লিতে কীভাবে সাহিত্য ছড়িয়ে আছে?
৩. কে কী সংগ্রহ করে দেখিয়ে দিয়েছেন যে পল্লির কোনে সাহিত্যের খনি লুকিয়ে রয়েছে?
৪. রোঁমা রোঁলা কে?
৫. রোঁমা রোঁলা কার সৌন্দর্যে মুগ্ধ হয়েছিলেন?
৬. ফোকলোর সোসাইটি কী?
৭. ঠাকুরমার ঝুলির সংগ্রাহক কে?
৮. আমাদের সাহিত্যের কত আনা পল্লিসাহিত্য?
৯. নাগরিক সাহিত্য বলতে কী বোঝায়?
১০. বিশ্বকবির ওপর প্রাবন্ধিকের কী অভিযোগ ছিল?
১১. মানুষের উৎপত্তি ও বিকাশ-সংক্রান্ত বিজ্ঞান কোনটি?
১২. 'মৈমনসিংহ গীতিকা" কার সম্পাদনায় প্রকাশিত হয়?
১৩. ফোকলোর কথাটির উদ্ভাবক কে?
১৪. পল্লিসাহিত্য কাকে বলে?
১৫. সরস প্রাণের জীবন্ত উৎস কোনটি?
১৬. মনসুর বয়াতি কে?
১৭. 'দেওয়ানা-মদিনা' লোকগাঁথার নায়িকার নাম কী?
১৮. পল্লিসাহিত্য কী কারণে বিস্মৃতির অতল গর্ভে হারিয়ে যাচ্ছে?
১৯. বালাম কী?
২০. রোঁমা রোঁলা কোন দেশের ?

অনুধাবনমূলকঃ

১. প্রবন্ধে 'সেচ্ছাসেবক দল' বলতে কী বোঝানো হয়েছে?
২. 'পল্লির প্রত্যেক পরতে পরতে সাহিত্য ছড়িয়ে আছে' বলতে কী বোঝানো হয়েছে?
৩. 'বিশ্বকোষের মতো কয়েক বালামে তার সংকুলান হতো না' – কথাটি ব্যাখ্যা কর।
৪. নাগরিক মানুষদের কাছে গ্রামের চিত্র কোনভাবে ধরা পড়ে?
৫. নাগরিক সাহিত্যের উপজীব্য কী?
৬. পল্লিসাহিত্যের ক্ষেত্রে আমাদের পরিতাপের কারণ ব্যাখ্যা কর।
৭. আধুনিক শিক্ষার কর্মনাশা স্রোত বলতে লেখক কী বুঝিয়েছেন?

**সৃজনশীলঃ**

১. এ লেভেল পরীক্ষা শেষে মিতু বাবা-মা'র সঙ্গে গ্রামের বাড়ি বেড়াতে আসে। গ্রামে তখন পৌষ মেলা বসেছে। মেলায় মিতু বয়াতীর কণ্ঠে 'একটা ছিল সোনার কইন্যা, মেঘ বরণ কেশ, ভাটি অঞ্চলে ছিল সেই কইন্যার দেশ' গানটি শুনে বিমোহিত হয়। সে তার বাবা-মা'কে জিজ্ঞাসা করে মা এতদিন কেন আমি এ গানগুলো শুনি নি। এ গানগুলোই তো বড় আপু খুঁজছে তার থিসিসের জন্য। আমি এবার আপুর জন্য গানগুলো সংগ্রহ করে নিয়ে যাব।

ক) সরস প্রাণের জীবন্ত উৎস কোনটি? ১
খ) আধুনিক শিক্ষার কর্মনাশা স্রোত বলতে লেখক কী বুঝিয়েছেন? ২
গ) মিতুর এ গানগুলো না শোনার কারণটি 'পল্লিসাহিত্য' প্রবন্ধের আলোকে ব্যাখ্যা কর। ৩
ঘ) 'উদ্দীপকের মিতুই যেন ড. মুহম্মদ শহীদুল্লাহর চাওয়া পল্লি জননীর মনোযোগী সন্তান'-মন্তব্যটি বিশ্লেষণ কর। ৪

২. পল্লিসাহিত্যে বাংলার সামাজিক,নৃতাত্ত্বিক,মনোবৈজ্ঞানিক,এমন কি ঐতিহাসিক উপাদান ছড়িয়ে রয়েছে। কিন্তু পরিতাপের বিষয় এই যে, এই বিপুল পল্লিসাহিত্য আজ আজ বিলুপ্ত প্রায়। আজ এর ব্যাপক উদ্ধার ও সংরক্ষণ

প্রয়োজন। শিক্ষিত শিষ্ট সমাজের নাগরিক সাহিত্যের পাশাপাশি এই সাহিত্যকে স্থান করে দিতে পারলেই আমাদের সামাজিক সাহিত্যের ভাণ্ডার পরিপূর্ণ হয়ে উঠবে।

ক. ডাক ও খনা কে?

খ. পল্লিসাহিত্যের ক্ষেত্রে আমাদের পরিতাপের কারণ ব্যাখ্যা কর।

গ. পাশ্চাত্যের মতো আমাদের দেশের পল্লিসাহিত্য সংগ্রহ ও সংরক্ষণের জন্য আমাদের কী কী পদক্ষেপ নেয়া উচিত বলে তুমি মনে করো?

ঘ. নাগরিক সাহিত্যের পাশাপাশি পল্লিসাহিত্যকে স্থান করে দেওয়ার প্রয়োজনীয়তা উদ্দীপকের আলোকে বিশ্লেষণ কর।

Cosmo School

**বিষয়: বাংলা ১ম পত্র**
**শ্রেণি: নবম**

**জ্ঞানমূলক:**

১. 'সুভা' গল্পটি কোন্ গ্রন্থের অর্ন্তভুক্ত?
২. 'মূক' শব্দের অর্থ কী?
৩. শুক্লাদ্বাদশী কী?
৪. প্রতাপের প্রধান শখ কী ছিল?
৫. প্রতাপ সুভাকে আদর করে কী নামে ডাকতো?
৬. সুভা দিনে নিয়মিত কয়বার গোয়াল ঘরে যেত?
৭. সুভার অন্তরঙ্গ বন্ধুদের নাম কী কী?
৮. সুভাদের গ্রামের নাম কী?
৯. সুভা প্রতিদিন প্রতাপকে কী দিত?
১০. সুভা ধরণীকে কি বলে সম্বোধন করেছে?

অনুধাবনমূলকঃ

১. সুভার মা সুভার প্রতি বিরক্ত ছিলেন কেন? ব্যাখ্যা কর।
২. সাধারণের দৃষ্টিপথ থেকে সুভা সব সময় নিজেকে গোপন রাখার চেষ্টা করত কেন? বুঝিয়ে বল।
৩. সুভার সাথে সর্বশী ও পাঙ্গুলির হৃদ্যতার সম্পর্ক গড়ে ওঠার কারণ ব্যাখ্যা কর।
৪. প্রতাপ সুভার মর্যাদা বুঝত কেন? বুঝিয়ে লিখ।
৫. সুভার নাম সুভাষিণী রাখার কারণ দর্শাও।
৬. সুভা মনে মনে অলৌকিক ক্ষমতা প্রার্থনা করত কেন? বুঝিয়ে লেখ।

১. রায়বাহাদুর পরিবারের একমাত্র কন্যা রমা। রূপে-গুনে, শিক্ষা-দীক্ষায় সে অতুলানীয়। ধনীর দুলালীর কদর স্বরুপ বরপক্ষের আগ্রহে অনেক ঘটা করে রমার বিবাহ অনুষ্ঠান সম্পন্ন হচ্ছিল। হঠাৎ একটি সোরগোল পড়ে গেলো। বিয়ের আসর থেকে বিয়ে ভেঙ্গে দিয়ে বরপক্ষ চলে যাচ্ছে। কারন কনেপক্ষ সত্য গোপন করে বোবা মেয়ের বিয়ে দিচ্ছিল।
   ক) সুভার বাবার নাম কী? ১
   খ) 'পিতা-মাতার নীরব হৃদয় ভার' কথাটি দ্বারা কী বোঝানো হয়েছে? ২
   গ) সুভা ও রমা চরিত্রের তুলনামূলক আলোচনা কর। ৩
   ঘ) রমার জীবনের করুণ পরিনতি 'সুভা' গল্পের মূলসুর কে কতটুকু ধারণ করেছে? তোমার মতের পক্ষে যুক্তি দাও। ৪

২. ছন্দা ছোটবেলায় বাবা-মাকে হারিয়ে তার চাচার কাছে মানুষ হয়েছে। পিতা-মাতাহীন জীবনে ছন্দাকে অনেক দুঃখ-যন্ত্রণা ভোগ করতে হয়েছে। একদিন হুট করে কাউকে কিছু না জানিয়ে চাচা তার এক পরিচিত লোকের সাথে ছন্দাকে বিয়ে দেন। এর পর থেকেই শুরু হয় শশুরবাড়িতে ছন্দার নির্যাতিত জীবন। প্রথম প্রথম মুখ বুজে সহ্য করলেও শেষে ছন্দা প্রতিবাদী হয়ে ওঠে। তার এ প্রতিবাদের জন্য শেষ পর্যন্ত স্বামীর বাড়ি থেকে সে বিতাড়িত হয়।

ক) প্রতাপ সুভাকে কী বলে ডাকত?
খ) সুভা মনে মনে বিধাতার কাছে অলৌকিক ক্ষমতা প্রার্থনা করত কেন? বুঝিয়ে লিখ।
গ) উদ্দীপকের ছন্দা ও 'সুভা' গল্পের সুভার জীবনের বৈসাদৃশ্য তুলে ধর।
ঘ) উদ্দীপকের ছন্দা ও 'সুভা' গল্পের সুভার পরিণতি ভিন্ন ধারায় প্রবাহিত হয়েছে। মন্তব্যটি কতখানি যৌক্তিক তা নির্ণয় কর।

Subject Teacher's Signature                Lead Teacher's Signature

Cosmo School

# নবম শ্রেণি

## বাংলা ১ম পত্র

## ঝর্নার গান

**জ্ঞানমূলক প্রশ্ন:**

১.সত্যেন্দ্রনাথ দত্ত কত সালে জন্মগ্রহণ করেন?
২.ঝর্না কেমন পায়ে ছুটে চলে?
৩.দুপুর-ভোর ঝর্না কার গান শুনতে পায়?
৪.আংরাখা কী?
৫.কোথায় ডালিম ফাটে?
৬.গিরি থেকে কি পতিত হয়?
৭.'শুক' অর্থ কী?
৮.সত্যেন্দনাথ দত্ত কী নামে পরিচিত?
৯.কে ঘাড় ঝুকিয়ে আছে?
১০.'শ্লোক' কী?

**অনুধাবনমূলক প্রশ্ন:**

১.ঝর্ণাকে ঝুম-পাহাড় ভয় দেখায় কেন?
২.'বিভোল মোর সকল প্রাণ'—কেন?
৩.'নিক না সেই পাঁক ছেঁকে'—বলতে কী বোঝানো হয়েছে?
৪.'খেয়াল নাই নাই রে ভাই'— এখানে কোন খেয়ালের কথা বলা হয়েছে?
৫.শিথিল সব শিলার পর বলতে কবি কী বোঝাতে চেয়েছেন?

**সৃজনশীল প্রশ্ন:**

আফিফ-রুনা দম্পত্তির ঘর আলো করে ফুটফুটে রুমি এলো ঘরে ।দেখতে দেখতে বড় দুরন্ত আর চঞ্চল হয়ে উঠল মাত্র বছরখানেকের মধ্যেই ।যেখানে মা-বাবা পর্যন্ত রাশভারী দাদুর ঘরে যেতে ভয় পায় সেখানে রুমির যেন চিন্তার বালায় নেই ।সে তুলতুলে পায়ে,হরিণ শাবকের মত দাদুর ঘরে ঢুকে পড়ে ।তারপরই শোনা যায় দাদুর হাক ডাক— "এই আমার চশমাটা ভাঙ্গলে,এই আমার টুপিটা ফেলে দিল রে!ওরে,ও বৌমা,বলি তোমরা মেয়েকে সামলাও ।আমার ঘরে যে একেবারে বর্গির হামলা শুরু হলো ।"

ক)ঝর্না কীসের গান গায়? ১
খ)'শঙ্কা নাই,সমান যায়' পঙক্তি দ্বারা কী বোঝানো হয়েছে? ২
গ)উদ্দীপকের রুমি চরিত্রের সাথে 'ঝর্নার গান' কবিতার সাদৃশ্য বর্ণনা কর । ৩
ঘ)'উদ্দীপকের রুমি চরিত্রে 'ঝর্নার গান' কবিতার প্রাণচাঞ্চল্য প্রকাশ পেলেও পরিস্থিতি ও প্রেক্ষাপট সম্পূর্ণ ভিন্ন '— মূল্যায়ন কর। ৪

Cosmo School

# নবম শ্রেণি

## বাংলা ১ম পত্র

## জুতা আবিষ্কার

**জ্ঞানমূলক প্রশ্ন:**

১.জুতা আবিষ্কার কবিতার রাজার নাম কী?
২.মলিন ধুলা লাগে কোথায়?
৩.কত পিপে নস্য ফুরিয়ে গেল?
৪.রাজার কথায় কার মুখ চুন হলো?
৫.রাজা পদধূলিতত্ত্ব ভাবার আগে কী করতে বললেন?
৬.ধুলা দূর করতে কয়টি ঝাঁটা কেনা হলো?
৭.রাজ্যের লোক কেশে মরছে কেন?
৮.রাজ্যের জলের জীব মরল কেন?
৯.জুতা আবিষ্কার করেছে কে?
১০.'জুতা আবিষ্কার' কবিতায় কী দিয়ে পৃথিবী ঢেকে দিতে চায়?

**অনুধাবনমূলক প্রশ্ন:**

১.রাজা সারারাত ঘুমাতে পারেনি কেন?
২.গোবুরায় কীভাবে রক্ষা পেল?—ব্যাখ্যা কর।
৩.'কিনিল ঝাঁটা সাড়ে সতেরো লক্ষ'—কেন?
৪.পায়ের ধুলা পাইব কী উপায়ে বলতে কী বোঝানো হয়েছে?
৫.রাজা হবুর রাজ্য ধুলোতে ভরে গেল কেন?
৬.'নদীর জলে নাহিক চলে কিস্তি'—কেন?

সৃজনশীল প্রশ্ন:

বাবুই পাখিরে ডাকি,বলিছে চড়াই
কুঁড়ে ঘরে থেকে কর শিল্পের বড়াই
আমি থাকি মহাসুখে অট্টালিকার পরে
তুমি কত কষ্ট পাও রোদ বৃষ্টি ঝড়ে
বাবুই হাসিয়া কহে সন্দেহ কি তায়?
পাকা হোক,তবু ভাই পরেরও বাসা
নিজ হাতে গড়া মোর কাঁচা ঘর খাসা।

ক)রবীন্দ্রনাথ ঠাকুরের পিতামহের নাম কী? ১
খ)রান্নাঘরে হাঁড়ি চড়া বন্ধ হয়ে গেল কেন? ২
গ)উদ্দীপকের চড়ুই পাখির স্বভাব 'জুতা আবিষ্কার' কার স্বভাবের সাথে কীভাবে মিলে যায় তা আলোচনা কর। ৩
ঘ) 'উদ্দীপকের চড়ুই এবং বাবুই যথাক্রমে 'জুতা আবিষ্কার' কবিতার মন্ত্রী গোবু ও চামার কুলপতির প্রতিনিধিত্ব করে'—উক্তিটির তাৎপর্য বিশ্লেষণ কর। ৪